

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
<http://damurhuda.chuadanga.gov.bd>

নং : ০৫.৪৪.১৮৩১.০১০.৯৬.০০২.২০-১৫৪

তারিখ: ০৩-০২-২০২০খ্রি:।

: জলমহাল ইজারা বিজ্ঞপ্তি :

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলাধীন ২০ একর পর্যন্ত নিম্ন তপশীল বর্ণিত জলমহাল সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুসারে বাংলা ১৪২৭ সন হতে ১৪২৯ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদী ইজারা প্রদানের লক্ষ্যে এ উপজেলার কেবলমাত্র নিবন্ধনভুক্ত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে শর্তসাপেক্ষে সীলমোহরকৃত খামে আবেদন/ দরপত্র আহবান করা যাচ্ছে। আবেদন, দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা(রাজস্ব শাখা), সহকারী কমিশনার(মৎস্য), দামুড়হুদা-এর কার্যালয় ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী সরকার নির্ধারিত ৫০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরৎযোগ্য) সোনালী ব্যাংক লি.; দামুড়হুদা শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা'র অনুকূলে জমা দিয়ে আবেদন/ দরপত্র সিডিউল ক্রয় ও দাখিল করা যাবে। প্রাপ্ত আবেদন/ দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিন বেলা ৩-০০ ঘটিকায় আবেদনকারী/ দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ১ম বার দাখিলকৃত আবেদন উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহীত না হলে সে ক্ষেত্রে ২য় বার এবং ২য় বারও আবেদন গৃহীত না হলে সে ক্ষেত্রে ৩য় বার আবেদন দাখিলের তারিখ কার্যকর হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

ক্র. নং	জলমহালের নাম	মৌজা, খতিয়ান নং, দাগ নং	অবস্থান ও আয়তন	সরকারি ধার্যকৃত ইজারা মূল্য (প্রতি বছর)	আবেদনপত্র দাখিলের তারিখ ও সময়		
					১ম বার বেলা ১.০০ টা	২য় বার বেলা ১.০০ টা	৩য় বার বেলা ১.০০ টা
৩.	জয়রামপুর মজা পুকুর	মৌজা- জয়রামপুর খতিয়ান নং-০১ দাগ নং-৪৬৩৫, ৩৬৩৬, ৪৬৩৭ ও ৪৬৩৮	জয়রামপুর, আয়তন- ৬.২৬ একর	১,৯৬,৯৯০/-	২৩/০২/২০২০	০৮/০৩/২০২০	২২/০৩/২০২০
৪.	ডুগডুগি দোহা	মৌজা- জয়রামপুর খতিয়ান নং-০১ দাগ নং-৯৩৪৬	ডুগডুগি, আয়তন- ৮.৪০ একর	২,২১,৮৫০/-			

: শর্তাবলী :

- ০১। প্রকৃত মৎস্যজীবী সমিতি যা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত সেই সমিতি বা সমিতিসমূহ সংশ্লিষ্ট জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী যোগ্যতা সম্পন্ন সমিতি অগ্রাধিকার পাবেন, তবে সমিতির সকল সদস্য জেলা হিসেবে মৎস্য বিভাগের নিবন্ধিত হতে হবে। কোন অনিবন্ধিত ব্যক্তি এবং অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।
- ০২। আবেদনকারী সমবায় সমিতিকে তাদের বর্তমান কার্যকরীতার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমাণ দরকার হবে না।
- ০৩। কোন সমিতির নিকট সরকারি পাওনা থাকলে বা সার্টিফিকেট মামলা থাকলে উক্ত সমিতির আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৪। আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা(ঠিকানা) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভাপতির (উপজেলা নির্বাহী অফিসার) নিকট দাখিল করবেন।
- ০৫। কোন সমিতিতে বা সমিতির কার্যনির্বাহী কমিটিতে প্রকৃত মৎস্যজীবী ছাড়া (জেলা হিসেবে নিবন্ধন ব্যতীত) অন্য কোন সদস্য থাকলে উক্ত সমিতি আবেদন করতে পারবেন না।
- ০৬। আবেদনকারী তাদের আবেদনের সাথে বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের সরকারি ইজারা মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে (উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা'র অনুকূলে) জামানত হিসেবে দাখিল করতে হবে, যা লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারার মূল্যের সাথে সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার তাদের আবেদনের প্রেক্ষিতে ফেরৎ প্রদান করা হবে।

